

‘এবং মজ্জা’-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত
তালিকার অন্তর্ভুক্ত। ২০২০ সালে প্রকাশিত ৮৬ পৃ.
তালিকার ৬০ পৃ. এবং ৮৪ পৃ. উল্লেখিত।

এবং মজ্জা

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩ তম বর্ষ, ১৩১ সংখ্যা, মার্চ, ২০২১

সম্পাদক
ড. সাদনামোহন বেরা

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

U.G.C.- CARE List approved journal, Indian Language-Arts
and Humanities Group, out of 86 pages placed in Page 60 &
84.

EBONG MAHUA

Bengali Language, Literature, Research and Referred with
Peer-Review Journal

23th Year, 131 Volume

March, 2021

Published By

K. K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.

DTP and Printed By

K.K.Prakashan

Cover Designed By

Kohinoorkanti Bera

Special Editorial Co-ordinator

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoor bera @ gmail.com

Rs 500

সূচী পত্র

১. ভারতীয় আধুনিকনৃত্যের দুই যুগপুরুষ: রবীন্দ্রনাথ ও উদয়শঙ্কর	
:: ইলিয়া দাস মুখার্জী.....	৯
২. চাঁদ বণিকের পালা : গান ও তার প্রাসঙ্গিকতা	
:: প্রভাতচন্দ্র সরকার.....	২১
৩. কবি কঙ্কণ চন্দীর ফুল্লরা চরিত্র	
:: শ্রেয়া মন্ডল.....	২৯
৪. রিজিয়া খাতুন চৌধুরানীর ছোটগল্প	
:: মিজানুর রহমান.....	৩৭
৫. সুশাসন ও স্বশাসন : ভারতীয় প্রেক্ষাপট	
:: প্রশান্ত শাট.....	৪৩
৬. স্বামী বিবেকানন্দের গ্রন্থাগার ভাবনা	
:: অনিমেষ হালদার.....	৫২
৭. শিবনিবাসে 'মেলায়' মন্দির এবং সামাজিক ধারার উন্মেষ	
:: অসীম কুমার মন্ডল.....	৫৮
৮. উত্তর-ঔপনিবেশিক যুগে পশ্চিমবঙ্গের মুসলমান : নাগরিকত্ব	
ও আত্ম-পরিচিতি	
:: সৈয়দ শরফরাজ আজম.....	৬৫
৯. চেতন্যালোকে আলোকিত অন্ত্যজ সমাজ	
:: অনিমেষ গোলদার.....	৭২
১০. বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ মহাবিদ্যালয়	
গ্রন্থাগারগুলির অবস্থান পর্যালোচনা	
:: অভিষেক চৌধুরী.....	৭৯
১১. জীবন রস রসিক, মগ্ন ধ্যানী কবি— অরুণ মিত্র	
:: ইরাবতী মণ্ডল.....	৮৪
১২. গনেশ বসুর কবিতা : এক ছিন্নমূল মানুষের দৃষ্টিতে	
স্বদেশ ও সমকাল	
:: নিখিল চন্দ্র মাহাতো.....	৮৮
১৩. 'ভারতীয় বিভিন্ন ভাষায় সতীময়না' কাব্যের তুলনামূলক আলোচনা	
:: রুবিনা খাতুন.....	৯৭
১৪. পুরুলিয়ার লোক সংস্কৃতির প্রাণ ছোঁচ : একটি	
সামগ্রিক পর্যালোচনা	
:: সুশান্ত রজক.....	১০৩

৫৪.ভক্তি শব্দের মর্মার্থ ও তার স্বরূপ বিবেচনা	
:: ড. সোমা বন্দ্যোপাধ্যায়.....	৪১৪
৫৫.দেশভাগ ও পরিবেশগত সংকট : প্রসঙ্গ নদীয়া	
:: ড. সুদীপ্ত সাধুখাঁ.....	৪২১
৫৬.ঔপনিবেশিক বাংলার সরকারি সেচনীতি ও জনসংখ্যার উপর প্রভাব	
:: ড. শুভঙ্কর মণ্ডল.....	৪২৬
৫৭.রবীন্দ্র নাটকের মঞ্চায়নের ইতিবৃত্ত	
:: ড.সুদীপ্ত সাউ.....	৪৩৫
৫৮.বর্তমানে গান্ধীজির শিক্ষাচিন্তার প্রাসঙ্গিকতা	
:: ড. হজরত আলি সেখ.....	৪৪৫
৫৯.বেদের লক্ষণ এবং তার যথার্থ স্বরূপ	
:: ড. প্রতাপ চন্দ্র রায়.....	৪৪৯
৬০.শিক্ষা ও সমাজসংস্কারে বিদ্যাসাগরের প্রাসঙ্গিকতা	
:: ড. সঞ্জয় সমাদ্দার.....	৪৫৫
৬১.মৃত্যুকেন্দ্রিক লোকাচার : দক্ষিণ মেদিনীপুরে ক্ষেত্রসমীক্ষালব্ধ প্রতিবেদন	
:: ড. শান্তনু দলাই.....	৪৬১
৬২.অণুগল্পের আদিরূপ :: ড. শম্ভুনাথ বন্দ্যোপাধ্যায়.....	৪৭২
৬৩.বিনয় মজুমদার : শৈলীর এক নতুন প্রত্যয়	
:: ড. সুমন ঘোষ.....	৪৭৯
৬৪.গান্ধীজির শিক্ষাদর্শন :: ড. মৃগাল কান্তি সরেন.....	৪৮৩
৬৫.বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের কবিতায় প্রতিবাদী ভাবনা ও ভাঙাচোরা মানুষের দিনলিপি : এক নতুন পাঠ	
:: ড.আশিস অধিকারী.....	৪৮৮
০০লেখক পরিচিতি.....	৫০৫
০০০UGC--CARE list.....	৫০৮

বর্তমানে গান্ধীজির শিক্ষাচিন্তার প্রাসঙ্গিকতা

ড. হজরত আলি সেখ

সারসংক্ষেপ :

গান্ধীজির শিক্ষা চিন্তা ও সমাজ উন্নয়নধর্মী শিক্ষা চিন্তা পরস্পরের পরিপূরক। যখনই তাঁর শিক্ষাচিন্তা ও পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যক্ত করেছেন তখনই তা ভারতবর্ষীয় গ্রাম সমাজের প্রেক্ষিতে সার্বিক সমাজ উন্নয়ন তথা গ্রাম স্বরাজ প্রতিষ্ঠার চিন্তাটি মাথায় রেখেই তা করেছেন। তবে গোড়ার দিকে তাঁর শিক্ষা চিন্তার মতোই তাঁর গ্রাম পুনর্গঠন ও গ্রাম স্বরাজের চিন্তার কোন সুসংগঠিত রূপ ছিল না। ১৯৩৭ খ্রিস্টাব্দের শুরু থেকেই তা দানা বাধতে থাকে এবং ১৯৪৬ খ্রিস্টাব্দ নাগাদ একটি সুসংগঠিত রূপ লাভ করে। প্রতিবেদনটির উদ্দেশ্য বর্তমানে গান্ধীজির শিক্ষাচিন্তার প্রাসঙ্গিকতা নির্ণয় করা।

সূচক শব্দ :

শিক্ষা দর্শন, শিক্ষা চিন্তা, সমাজ উন্নয়ন।

প্রতিপাদ্য বিষয়:

তাঁর মতে স্বরাজে গ্রামগুলিকে পরিচ্ছন্ন ও স্বয়ম্ভর করে গড়ে তোলার দায়িত্ব গ্রামবাসীদেরই। এই উদ্দেশ্যে চরকার প্রবর্তন ও পূর্ণ সদ্ব্যবহারের মাধ্যমে অবলুপ্ত গ্রামীণ শিল্পসমূহের জাগরণের উপর বিশেষ জোর দিয়েছিলেন তিনি। তাঁর মতে এমনভাবে শিল্পের জাগরণ ঘটিয়ে প্রত্যেকে শিল্পকর্মের সঙ্গে যুক্ত হলে তাতে রাষ্ট্রেরও কল্যাণ এবং অর্থেরও সাশ্রয়।

শিক্ষাদর্শন :

তিনি সুসংহত সমাজ বা দেশ বলতে এমন একটি ভূখণ্ড গড়ে তুলতে চেয়েছিলেন যেখানে মানুষের আর্থিক উন্নতির দিকটি অবহেলিত হবে না। তবে পাশ্চাত্য সমাজের জড়বাদকেও সমর্থন করেন নি; বরং প্রাচীন ভারতের অধ্যাত্মবাদের এবং অকারণ ও অপয়োজনীয় বিত্ত সংগ্রহের প্রতি ভারতের নিঃস্পৃহ মানসিকতার প্রশংসা করেছেন।

তাঁর মতে এই সুসংহত সমাজ ব্যবস্থা একমাত্র শিক্ষার প্রসারের মাধ্যমেই গড়ে তোলা সম্ভব। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে তিনি উপলব্ধি করেছিলেন যে ভারতবর্ষের